৫৮

দৈনিক বাংলা

তারিখ 25 SEP 1995
পৃষ্ঠা ৬ কলাম ২

সংসদে প্রশ্নোত্তর

# তিন হাজার প্রাইমারী স্কুল এবার নির্মাণ ও সংস্কার করা হবে

**স্টাফ রিপোর্টার :** চলতি অর্থবছরে দেশে ৩ হাজার ২৫৩টি প্রাথমিক বিদ্যালয় নির্মাণ, পুনঃ নির্মাণ ও সংস্কার করা হবে। রোববার জাতীয় সংসদে এক প্রশ্নের উত্তরে শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমির উদ্দিন সরকার এই তথ্য প্রকাশ করেন। শিক্ষামন্ত্রী জানান, এর মধ্যে ৮১৪টি প্রাথমিক বিদ্যালয় নির্মাণ, এক হাজার ৮৫৬টি সরকারী প্রাথমিক বিদ্যালয় পুনঃ নির্মাণ এবং ৫৮৩টি প্রাথমিক বিদ্যালয় মেরামত করার পরিকল্পনা রয়েছে।

সংসদ সদস্য আতাউর রহমান খানের প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী আরও জানান, চলতি পঞ্চবার্ষিক পরিকল্পনার মেয়াদকালে মোট এক হাজার ৪শ' কোটি টাকা ব্যয়ে ৩৭ হাজার ৯০২টি প্রাথমিক বিদ্যালয় নির্মাণ, পুনঃ নির্মাণের কাজ সমাপ্তির পথে রয়েছে।

শিক্ষামন্ত্রী জানান, শিক্ষার জন্য খাদ্য কর্মসূচী চালুর ফলে প্রাথমিক বিদ্যালয়সমূহে ছাত্র–ছাত্রীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। তিনি বলেন, বিপুল সংখ্যক স্কুল নির্মাণ, পুনঃ নির্মাণ ও সম্প্রসারণের পরও ছাত্র–ছাত্রীর সংকুলান না হলে স্কুল গৃহসমূহ সম্প্রসারণ ও শিক্ষক সংখ্যা বৃদ্ধি করা হবে। এই প্রক্রিয়া চলছে।

শিক্ষামন্ত্রী আরও জানান, গত তিন বছরে রেজিস্টার্ড, বেসরকারী প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্পের আওতায় ৮ হাজার ৫৩০টি বিদ্যালয় পুনর্নির্মাণ ও সংস্কারের কাজ সমাপ্তির পথে রয়েছে।

**কলেজ উন্নয়ন**

অপর এক প্রশ্নের উত্তরে শিক্ষামন্ত্রী জানান, গত অর্থবছরে ৩১০টি বেসরকারী কলেজ উন্নয়নের জন্য প্রকল্পভুক্ত করা হয়েছে।

অপর এক প্রশ্নের উত্তরে শিক্ষামন্ত্রী জানান, দেশে বর্তমানে মঞ্জুরীপ্রাপ্ত বেসরকারী হাইস্কুলের সংখ্যা ১২ হাজার ১৬৫টি ও কলেজ ৯৫০টি, সরকারী অনুদানপ্রাপ্ত বেসরকারী হাইস্কুল ১১ হাজার ২৮টি এবং কলেজ ৮৪১টি। বেসরকারী হাইস্কুল ও কলেজের শিক্ষকদের অনুদানের জন্য সরকারের মাসে প্রায় ৪০ কোটি টাকা খরচ হয়।

শিক্ষামন্ত্রী আরও জানান, বর্তমানে দেশে রেজিস্টার্ড- বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১৭ হাজার ২৫৪টি।

**শিক্ষার হার**

শিক্ষামন্ত্রী এক প্রশ্নের উত্তরে সংসদে জানান, ১৯৯১ সালের আদমশুমারি অনুযায়ী দেশে বয়সী লোকদের শিক্ষার হার ৩৫.৭২%।

**বেসরকারী বিশ্ববিদ্যালয়**

সরকার এ পর্যন্ত দেশে ৮টি বেসরকারী বিশ্ববিদ্যালয় স্থাপনের অনুমতি দিয়েছেন। আরও ৫টি বিশ্ববিদ্যালয় স্থাপনের আবেদনপত্র বিবেচনাধীন রয়েছে।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র**

স্বাস্থ্যমন্ত্রী এক প্রশ্নের উত্তরে সংসদে জানান, ৪র্থ স্বাস্থ্য ও জনসংখ্যা প্রকল্পের আওতায় ৫০০টি পল্লী দাতব্য চিকিৎসালয়–এর মান উন্নয়ন করে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং ১০০টি নতুন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র নির্মাণের পরিকল্পনা সরকারের রয়েছে। এর মধ্যে ৯২টি নতুন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং ৪৩৩টি পল্লী দাতব্য চিকিৎসালয় নির্মাণের জন্য ইতিমধ্যেই কার্যাদেশ দেয়া হয়েছে।

এক প্রশ্নের উত্তরে স্বাস্থ্যমন্ত্রী জানান, বর্তমান সরকার ক্ষমতায় আসার পর এ পর্যন্ত ~~দেশের ২৫০টি থানা হেলথ~~ কমপ্লেক্সে এ্যাম্বুলেন্স সরবরাহ করা হয়েছে।

**নিম্নমানের ওষুধ**

অপর এক প্রশ্নের উত্তরে স্বাস্থ্যমন্ত্রী জানান, নিম্নমানের ওষুধ উৎপাদন ও বাজারজাতকরণের অপরাধে জুলাই থেকে আগষ্ট পর্যন্ত মোট ১৫টি কোম্পানীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।